প্রতিদিন বাকাশিবো এর ওয়েবসাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন এবং আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০১৬.১৮.৭২ তারিখ ঃ ৩০-০৪-২০১৮ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং(আর্মি) শিক্ষাক্রমের ২০১৮ প্রবিধানভূক্ত ১ম পর্ব সমাপনী পরীক্ষা আগামী ১৩ মে ২০১৮ রোজ রবিবার হতে বোর্ড নির্ধারিত কেন্দ্র সমূহে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি এবং কেন্দ্র তালিকা যথাসময়ে অবহিত করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও পাওয়া যাবে।

স্বাক্ষরিত/-
**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৯১১৩২৮৩

### ১। পরীক্ষার তথ্যাদি ঃ

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (আর্মি) শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান **২০১৮** ভুক্ত সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী **১ম পর্বের বিষয়সমূহের** পরীক্ষা লিথুবিহীন উত্তরপত্রে দিতে হবে এবং উত্তরপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক মূল্যায়ন করে ফলাফল প্রকাশ করতে হবে।

### ২। পরীক্ষার ফরম পূরণের নিয়মাবলীঃ

২.১ নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডের Website এর মাধ্যমে/ম্যানুয়ালি ১ম পর্বের ফরম পূরণ সম্পন্ন করতে হবে। বিজ্ঞপ্তির ৪.৯ অনুচ্ছেদে বর্ণিত Online এন্ট্রির নির্ধারিত সময়সীমার পরে Final List প্রিন্ট করে নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে। Final List Print করার পর আর কোন Edit করা যাবে না।

২.২ পরীক্ষার্থীদের স্বাক্ষরযুক্ত Final List এর প্রিন্ট-আউট কপিই(নির্ধারিত ফি প্রদানসহ) পরীক্ষার ফরম পূরণ হিসেবে বিবেচ্য হবে। ফরম পূরণের প্রিনট-আউট কপি ও ব্যাংক ড্রাফট জমা দেয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্নাঙ্গ তালিকা (অনুচ্ছেদ-৪.৮ অনুযায়ী) এবং Online/ম্যানুয়ালি পূরণকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List (পরীক্ষার্থীর স্বাক্ষর সহ), Total Student List জমা দিতে হবে।

২.৩ বোর্ডে প্রেরিত Final List প্রিন্ট-আউট এর কপিসহ ফরম ফিলাপ সংক্রামন্ত সকল ডকুমেন্টের ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় উক্ত ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।

২.৪ Total Question Count List অত্র বোর্ডের গোপনীয় শাখায় (৮ম তলা) অবশ্যই জমা দিতে হবে।

### ৩। পরীক্ষার ও অন্যান্য ফি সমূহের হার নিম্নরূপঃ

**(ক) ১ম পর্ব পরীক্ষার্থীদের জন্যঃ**

| | | |
|---|---|---|
| ১ | পরীক্ষার ফি (বোর্ডে প্রেরণ যোগ্য) | ২২৫.০০ |

| | | |
|---|---|---|
| ২ | কেন্দ্র ফি | ৪৫০.০০ |
| ৩ | ব্যবহারিক পরীক্ষার ফি | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০ |
| ৪ | নম্বরপত্র ফি | ৫০.০০ |

## ৪। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট-আউট কপি/এন্ট্রিফরম প্রেরণের নিয়মাবলীঃ

৪.১ পরীক্ষার্থীদের প্রিন্ট-আউট কপি/এন্ট্রিফরম এবং ফি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি বোর্ডে গ্রহণ করা হবে না।

৪.২ অসম্পূর্ণ বা ভুল তথ্য বিশিষ্ট এন্ট্রিফরম/প্রিন্ট-আউট কপি বা নির্ধারিত ফি ব্যতিত ফরমপূরণ সরাসরি বাতিল করা হবে ।

৪.৩ কেন্দ্র ফি হিসাবে আদায়কৃত অর্থ নিয়মানুযায়ী পরীক্ষা সমাপ্তির পর পরই কেন্দ্রে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের সম্মানী/পারিশ্রমিক পরিশোধের ব্যবস্থা করতে হবে ।

৪.৪ ব্যবহারিক পরীক্ষার জন্য আদায়কৃত অর্থ হতে অনাভ্যন্তরীণ ও আভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকগণের সম্মানী প্রতি বিষয় প্রতি পরীক্ষার্থী ১০.০০ টাকা হারে পরিশোধ করতে হবে।

৪.৫ প্রতি পরীক্ষার্থী হতে আদায়কৃত পরীক্ষার ফি একটি মাত্র ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে সোনালী ব্যাংক/ সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে ব্যাংক ড্রাফট করে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা / সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরনী শাখা হতে উত্তোলন যোগ্য হতে হবে। ব্যাংক ড্রাফ্ট এর সাথে Online এ পূরনকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List, Total Student List এবং Total Question List অবশ্যই জমা দিতে হবে।

৪.৬ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নহে ।

৪.৭ পরীক্ষার্থীদের প্রিন্ট-আউট কপির নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অবশ্যই সীলসহ স্বাক্ষর করবেন।

৪.৮ নিম্নে বর্ণিত ছক অনুযায়ী টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবে। প্রতি বিষয়ের পরীক্ষার্থীর সংখ্যা সম্বলিত একটি ফরোয়ার্ডিং সংযোজন করা আবশ্যক।

| পরীক্ষার্থীদের নাম | রোল নম্বর | রেজিঃ নম্বর ও সেশন | বিষয় সমূহের নাম/কোড | পরীক্ষার ফি | বিলম্ব ফি | মোট ফি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ১১ | ১২ | ১৩ |
| | | | | | | | |

৪.৯ নিম্নের ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

| Online -এ **ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ** | **শিক্ষা প্রতিষ্ঠানে ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ** | **সকল ব্যাংক ড্রাফট, প্রিন্ট-আউট কপি জমা / গ্রহণের তারিখ** | **অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ** | প্রবেশপত্র সংশোধনের জন্য তথ্যসহ আবেদন সংশ্লিষ্ট শাখায় জমা | সংশোধিত প্রবেশপত্র গ্রহণের তারিখ |
|---|---|---|---|---|---|
| ০৩-০৫-১৮ হতে ০৬-০৫-১৮ | ০৬-৫-১৮ | ০৯-০৫-১৮ | ০৯-০৫-১৮ | ০৯-০৫-১৮ | ১০-০৫-১৮ |

৪.১০ পরীক্ষার প্রিন্ট-আউট কপি ও অন্যান্য সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৪.১১ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে করতে হবে।

## ৫। অন্যান্য শর্তাবলীঃ

৫.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফিসের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রিন্ট-আউট কপিসমূহ ও ৪.৮ অনুচ্ছেদে বর্ণিত তালিকা মোতাবেক প্রণীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর মাধ্যমে **নির্ধারিত অনুচ্ছেদ ৪.৯ -এ বর্নিত তারিখ অনুযায়ী** বোর্ডে প্রেরণ করতে হবে (ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যমে প্রেরণ করা বর্জনীয়)।

৫.২ নির্ধারিত সময় সীমার মধ্যে প্রিন্ট-আউট কপি বোর্ড অফিসে জমা/গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদিগকে যে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়মবনা হতে পরিত্রানের লক্ষ্যে প্রিন্ট-আউট কপি ও অনুচ্ছেদ ৩ মোতাবেক ফি বাবদ আদায়কৃত অর্থ **নির্ধারিত অনুচ্ছেদ ৪.৯ -এ বর্ণিত তারিখ অনুযায়ী** প্রেরণ করতে হবে।

৫.৩ প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক প্রিন্ট-আউট পূরণের সময়ে অত্র বিজ্ঞপ্তি পরীক্ষার্থীদিগকে পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদিগকে অবহিত করা সর্বোত্তম।

৫.৪ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং(আর্মি) নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীদের প্রবিধান অনুযায়ী (ফরম ফিলাপের তারিখ পর্যমন্ত) ৮০% হাজিরা নিশ্চিত করে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যায়নপত্র প্রেরণ করতে হবে।

৫.৫ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (আর্মি) এর সংশ্লিষ্ট পর্বের সিলেবাস অনুযায়ী কোর্স যথাযথভাবে সমাপ্ত হবে এ মর্মে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যায়নপত্র প্রদান করতে হবে।

৫.৬ ফরমপূরণকৃত সকল শিক্ষার্থীর হাজিরাসীটের সকল কলাম পূরণ করতে হবে এবং তা পরীক্ষা শেষে কেন্দ্র সচিবের স্বাক্ষরসহ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৫.৭ **পরীক্ষায় উত্তরপত্র ব্যবহারের একটি দৈনন্দিন রেজিস্টার সংরক্ষণ করতে হবে। অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে উত্তরপত্র ব্যবহার ও উদ্বৃত্ত বিবরণীসহ অত্র বোর্ডে ফেরত দিতে হবে।**

৫.৮ প্রবিধান অনুসারে পরীক্ষার তাত্ত্বিক ধারাবাহিক (TC), ব্যবহারিক ধারাবাহিক (PC), ব্যবহারিক চূড়ান্ত (PF) সতর্কতার সহিত (বিশেষ করে পাশ নম্বর, সর্বোচ্চ নম্বর ও ফেল নম্বর, অনুপস্থিত ইত্যাদি বিবেচনা করে) সঠিকভাবে দিতে হবে।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০১৬.১৮.৭২(১৪) তারিখ ঃ ৩০-০৪-২০১৮ খ্রিঃ

অনুলিপি সময় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০। [দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩. সদর দপ্তর, আর্টডক, মোমেনশাহী সেনানিবাস, ময়মনংিংহ।
৪. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. জেলা প্রশাসক, নাটোর/নীলফামারী/যশোর।
৬. অধ্যক্ষ/কমান্ড্যান্ট, ইসিএসএম , কাদিরাবাদ সেনানিবাস, নাটোর/ ইএমইসিএন্ডএস, সৈয়দপুর সেনানিবাস/ এসটিসিএন্ডএস, যশোর সেনানিবাস।
৭. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সিস্টেম এনালিষ্ট (অঃ দাঃ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website -এ প্রকাশ ও অনলাইন সংক্রামন্ত কার্যক্রমের ব্যবস্থা করার জন্য অনুরোধসহ)।
১০. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. নথি।

**(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৯১১৮৭৭৬